Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 16 April, 2025

সেলিব্রিটিদের মাধ্যমে সামাজিক যোগাযোগমাধ্যম ও মূলধারার গণমাধ্যমে অনলাইন জুয়া ও বেটিং সাইটের বিজ্ঞাপন এবং প্রচার বন্ধে হাইকোর্টে একটি রিট আবেদন করা হয়েছে।

তানজিম রাফিদ নামের ঢাকার এক বাসিন্দা আজ বুধবার এই রিট আবেদনটি দায়ের করেন।

সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার মাহিন এম রহমানের মাধ্যমে দাখিল করা এই আবেদনে অনলাইন জুয়া, বেটিং সাইট ও অ্যাপ্লিকেশনগুলোর বিজ্ঞাপন ও প্রচার বন্ধে সরকারের প্রতি নির্দেশনা চাওয়া হয়েছে

আবেদনে আরও বলা হয়েছে, সংশ্লিষ্ট বিষয়ে স্থায়ী সমাধানে ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠনের জন্য সরকারকে নির্দেশ দিতে হাইকোর্টের প্রতি অনুরোধ জানানো হলো।

বিষয়টি নিয়ে আইনজীবী মাহিন এম রহমান বলেন, বাংলাদেশের প্রচলিত আইন ও সংবিধান অনুযায়ী জুয়া ও বেটিং নিষিদ্ধ।

মাহিন আরও জানান, হাইকোর্ট আগামী সপ্তাহে এই রিট আবেদনের শুনানি করতে পারে।

সুপ্রিম কোর্ট আইনজীবী অনলাইন জুয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 17:18

URL: https://timestodaybd.com/bangladesh/89518197